



যুক্তরাষ্ট্রের যুদ্ধবিরতি প্রস্তাব প্রত্যাখ্যান ইরানের



আয়াতুল্লাহ মোজতবা খামেনি। ছবি: রয়টার্স

যুক্তরাষ্ট্রের পাঠানো যুদ্ধবিরতির প্রস্তাব গ্রহণ করেনি ইরান। দেশটির সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি এ প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন বলে জানিয়েছেন এক ইরানি কর্মকর্তা। আন্তর্জাতিক সংবাদমাধ্যম রয়টার্স এ তথ্য প্রকাশ করেছে।

মঙ্গলবার (১৭ মার্চ) এক জ্যেষ্ঠ কর্মকর্তা জানান, মধ্যস্থতাকারী দুই দেশের মাধ্যমে তেহরানের কাছে প্রস্তাবটি পৌঁছে দেওয়া হয়েছিল।

তিনি আরও বলেন, নিজের প্রথম পররাষ্ট্রনীতি বিষয়ক বৈঠকেই মোজতবা খামেনি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরুদ্ধে প্রতিশোধের প্রশ্নে কঠোর এবং অনড় অবস্থান নেন। তবে ওই বৈঠকে তিনি সরাসরি উপস্থিত ছিলেন কি না, সে বিষয়ে নিশ্চিত তথ্য পাওয়া যায়নি।

প্রতিক্রিয়ায় সর্বোচ্চ নেতা জানান, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল নতিস্বীকার না করা পর্যন্ত, পরাজয় স্বীকার না করা পর্যন্ত এবং ক্ষয়ক্ষতির ক্ষতিপূরণ না দেওয়া পর্যন্ত শান্তি আলোচনার উপযুক্ত সময় আসেনি।

এর আগে তার বাবা আয়াতুল্লাহ আলী খামেনি ইসরায়েল ও মার্কিন হামলায় নিহত হওয়ার পর মোজতবা খামেনিকে দেশের সর্বোচ্চ নেতা হিসেবে ঘোষণা করা হয়। পরবর্তীতে অ্যাসেম্বলি অব এক্সপার্টস তাকে আনুষ্ঠানিকভাবে এ পদে নির্বাচিত করে।